

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : রওনক মাহমুদ
সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি, শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি
তারিখ ও সময় : ২৬/০৯/২০২১ খ্রিঃ; দুপুর ১২.৩০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব সুবোল বোস মনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরের এই মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনায় যে সকল কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে সেগুলো সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিগত ০৮/০৯/২০২১ তারিখে সকল অনুবিভাগ প্রধানগনকে নিয়ে একটি সভা অনুষ্ঠান করা হয়েছে। উক্ত সভায় কর্মপরিকল্পনাভুক্ত সকল কার্যক্রম বিশেষত পরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো নিবিড়ভাবে সম্পাদনের জন্য অনুবিভাগ প্রধানগনকে মনোযোগ প্রদানের অনুরোধ করা হয়েছে। সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্য ও সংস্থা প্রধানগনকে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি চলমান অর্থবছরের মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রমসমূহের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে তা অনুমোদনের জন্য তিনি অনুরোধ জানান।

০২। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর সম্পাদিত কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি আরও জানান যে, কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগন ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হবেন।


০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(ক) মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুমোদন করা হয়।

(খ) কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগন ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হয়ে তদারকি নিশ্চিত করবেন।

(গ) সংস্থাসমূহের কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অধস্তন কর্মকর্তাদের সংশ্লিষ্ট করার জন্য সংস্থাপ্রধানগন যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(রওনক মাহমুদ)

সচিব

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি

